

## 🗏 ফাতির | Fatir | فَاطِر

আয়াতঃ ৩৫: ২৬

আরবি মূল আয়াত:

## ثُمَّ اَخَذتُ الَّذِينَ كَفَرُوا فَكَيفَ كَانَ نَكِيرِ ﴿٢۶﴾

## 

তারপর যারা কুফরী করেছিল তাদেরকে আমি পাকড়াও করেছিলাম; অতএব কেমন ছিল আমার শাস্তি?! — আল-বায়ান

যারা কুফরী করেছিল, অতঃপর আমি তাদেরকে পাকড়াও করেছিলাম। কী (ভয়ংকর) ছিল আমার শাস্তি! — তাইসিকল

অতঃপর আমি কাফিরদেরকে শাস্তি দিয়েছিলাম। কি ভয়ংকর আমার শাস্তি! — মুজিবুর রহমান

Then I seized the ones who disbelieved, and how [terrible] was My reproach.

— Sahih International

২৬. তারপর যারা কুফরি করেছিল আমি তাদেরকে শাস্তি দিয়েছিলাম। সুতরাং (দেখে নিন) কেমন ছিল আমার প্রত্যাখ্যান (শাস্তি)!

তাফসীরে জাকারিয়া

(২৬) অতঃপর আমি অবিশ্বাসীদেরকে পাকড়াও করেছিলাম। সুতরাং কেমন (ভয়ঙ্কর) ছিল আমার প্রতিকার (শাস্তি)! [1]

[1] অর্থাৎ, কত কঠিন শাস্তি দ্বারা আমি তাদেরকে পাকড়াও করেছি এবং তাদেরকে ধ্বংস ও নিশ্চিহ্ন করে দিয়েছি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3686

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন